

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮০৯

৫/ হাজ (হজ/হজ) (এшы। باتك)

পরিচ্ছেদঃ ২৪. যে ব্যক্তি অন্যের পক্ষে (বদলী ) হজ্জ করে।

باب الرَّجُلِ يَحُجُّ عَنْ غَيْرِهِ

## আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ، قَالَ كَانَ الْفَضِلُ بْنُ عَبَّاسٍ رَديفَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَجَاءَتْهُ امْرَأَةٌ مِنْ خَتْعَمَ تَسْتَفْتِيهِ فَجَعَلَ الْفَضِلُ يَنْظُرُ إِلَيْهَا وَتَنْظُرُ إِلَيْهِ فَجَعَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَصنرفُ وَجْهَ الْفَضِل إِلَى الشِّقِ الآخرِ فَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنَّ فَريضَةَ الله عليه وسلم يَصنرفُ وَجْهَ الْفَضِل إِلَى الشِّقِ الآخرِ فَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنَّ فَريضَةَ الله عليه عَبَادِهِ فِي الْحَجِّ أَدْرَكَتْ أَبِي شَيْخًا كَبِيرًا لاَ يَسْتَطِيعُ أَنْ يَتْبُتَ عَلَى الرَّاحِلَةِ الْوَدَاعِ . وَذَلِكَ فِي حَجَّةِ الْوَدَاعِ .

## বাংলা

১৮০৯. আল কা'নবী (রহঃ) ...... আবদুল্লাহ্ ইবন আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা ফাযল ইবন আব্বাস (রাঃ) একই বাহনে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর পশ্চাতে উপবিষ্ট ছিলেন। এ সময় খাছ'আম গোত্রের জনৈক মহিলা, তাঁর নিকট ফাতওয়া গ্রহণের জন্য আসে। তখন ফাযল (রাঃ) মহিলার প্রতি এবং মহিলা ফাযলের প্রতি তাকাতে থাকলে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ফাযলের মুখ অন্যদিকে ঘুরিয়ে দেন। মহিলা জিজ্ঞাসা করে, ইয়া রাসূলাল্লাহ্! আল্লাহ্ তা'আলার বান্দাদের উপর তাঁর ফরযকৃত হজ্জ আমার পিতার উপর এমন অবস্থায় ফরয করা হয়েছে যে, বার্ধক্যের কারণে তার পক্ষে বাহণে স্থির হয়ে বসে থাকা সম্ভব নয়। আমি কি তার পক্ষে (বদলী) হজ্জ করতে পারি? তিনি বলেন, হ্যাঁ। আর এটা ছিল বিদায় হজ্জের সময়কার ঘটনা।

## **English**

'Abd Allah bin Abbas said Al Fadl bin Abbas was riding the Camel behind the Apostle of Allaah(ﷺ). A woman of the tribe of Khath'am came seeking his (the Prophet's) decision (about a problem relating to Hajj). Al Fadl began to



look at her and she too began to look at him. The Apostle of Allaah(ﷺ) would turn the face of Fadl to the other side. She said Apostle of Allaah(ﷺ) Allaah's commandment that His servants should perform Hajj has come when my father is an old man and is unable to sit firmly on a Camel. May I perform Hajj on his behalf? He said yes, That was at the Farewell Pilgrimage.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন